তারিখ 18 SEP 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

দৈনিক
আমাদের সময়

এইচএসসির খাতা পুনঃনিরীক্ষণ

# কুমিল্লা ও যশোরে উত্তীর্ণ ২৮৫

নিজস্ব প্রতিবেদক কুমিল্লা ও যশোর প্রতিনিধি

এইচএসসি পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষায় যশোর ও কুমিল্লা বোর্ডে উত্তীর্ণ হয়েছেন ২৮৫ জন।

যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষায় ১৪৩ জনের ফল পরিবর্তন হয়েছে। এর মধ্যে অকৃতকার্য ৩৯ জন পরীক্ষার্থী কৃতকার্য হয়েছে এবং জিপিএ-৫ পেয়েছে ৩৯ জন। গতকাল শনিবার বোর্ডের ওয়েবসাইটে পুনঃনিরীক্ষার এ ফলাফল প্রকাশ করা হয়েছে।

যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মাধব চন্দ্র রুদ্র বলেন, এ বছর ৩১ হাজার ৯৫৬ জন পরীক্ষার্থী খাতা পুনঃনিরীক্ষার জন্য আবেদন করেছিল। খাতা পুনঃনিরীক্ষায় ১৪৩ জন পরীক্ষার্থীর ফল পরিবর্তন হয়েছে। এর মধ্যে অকৃতকার্য থেকে কৃতকার্য হয়েছে ৩৯ জন এবং জিপিএ-৫ পেয়েছে ৩৯ পরীক্ষার্থী।

এর আগে, গত ১৮ আগস্ট এইচএসসির ফল প্রকাশিত হয়। ফলাফলে সারা দেশের মধ্যে সর্বোচ্চ যশোর বোর্ডে পাসের হার ছিল ৮৩ দশমিক ৪২ শতাংশ। প্রকাশিত ফলাফলে জিপিএ-৫ পেয়েছিল ৪ হাজার ৫৮৬ জন। খাতা পুনঃনিরীক্ষায় জিপিএ-৫ ও পাসের হার আরও বেড়ে গেল।

এদিকে কুমিল্লা শিক্ষা বোর্ডের সম্প্রতি প্রকাশিত এইচএসসির ফল পুনর্নিরীক্ষণ করে ২৪৬ পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। গতকাল শনিবার দুপুরে পুনর্নিরীক্ষণের ওই ফল প্রকাশ করে শিক্ষা বোর্ড। ২৪৬ জনের মধ্যে নতুন করে জিপিএ-৫ পেয়েছে ২৪ পরীক্ষার্থী।

কুমিল্লা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কায়সার আহমেদ জানান, এ বছর এইচএসসি পরীক্ষার ফল পুনর্নিরীক্ষণের জন্য বিভিন্ন বিষয়ে ৩২ হাজার ৪৯৩ জন আবেদন করেছিল। তাদের মধ্যে ২৪৬ জনের ফল পরিবর্তন হয়েছে এবং নতুন করে ২৪ জন জিপিএ-৫ পেয়েছে। এ নিয়ে কুমিল্লা শিক্ষা বোর্ডে মোট ১ হাজার ৯৩৬ জন জিপিএ-৫ অর্জন করল।